# রবীন্দ্রনাথের 'রাজা ও রাণী' — আসক্তির অবসানে সত্যের স্বীকৃতি

অমর কুমার মিত্র

'রাজা ও রাণী' (১৮৮৯) রবীন্দ্রনাথের যৌবনকালের রচনা। রবীন্দ্রনাথ তাঁর পরিণত বয়সে 'জীবনস্মৃতি'-র অন্তর্ভূক্ত 'ভগ্নহৃদয়' প্রবন্ধটি তাঁর প্রথম যৌবনের সাহিত্যে - মানসিকতায় আলোচনা প্রসঙ্গে লেখেন — "তখনকার দিনে আমাদের সাহিত্য-দেবতা ছিলেন শেক্স্‌পীয়ার, মিল্‌টন ও বায়রন। ইহাদের লেখার ভিতরকার যে জিনিসটা আমাদিগকে খুব করিয়া নাড়া দিয়াছে সেটা হৃদয়াবেগের প্রবলতা। এই হৃদয়বেগের প্রবলতাটা ইংরেজের লোকব্যবহারে চাপা থাকে কিন্তু তাহার সাহিত্যে ইহার আধিপত্য যেন সেই পরিমাণেই বেশি। হৃদয়াবেগকে একান্ত আতিশয্যে লইয়া গিয়া তাহাকে একটা বিষম অগ্নিকান্ডে শেষ করা, এই সাহিত্যের একটা বিশেষ সুভাব।"[১] 'রাজা ও রাণী' নাটকটির রচনাকালে রবীন্দ্রনাথের মগ্নচৈতন্যে শেক্সপীয়রীর ট্রাজেডির আদর্শ প্রভাব বিস্তার করে। কিন্তু সেই সঙ্গে এ কথাও অনুধাবনীয় যে, রবীন্দ্রনাথ আপন অনন্য প্রতিভার যাদুস্পর্শে শেক্সপীয়রীয় ট্রাজেডির প্রাণধর্মের সঙ্গে আপন প্রেমভাবনার বিবাহর ধনে 'রাজা ও রাণী' নাটকটি রচনা করেন। 'রাজা ও রাণী' নাটকটির রচনাকালে রবীন্দ্রনাথের মানসিক অবস্থিতি 'মানসী'-র ভাববৃত্তে। 'মানসী' যুগের কামনা বাসনা বর্জিত আর্দশ প্রেমের বৈশিষ্ট্য 'রাজা ও রাণী' নাটকের মূল বক্তব্যে প্রতিফলিত। রূপজ মোহ ও নিরবচ্ছিন্ন দেহভোগে প্রেম নেই কারণ প্রবল আসঙ্গলিপ্সার চরিতার্থতায় প্রকৃত প্রেম ব্যাহত হয় — মর্যাদা হারায়। প্রকৃত প্রেম অপার্থিব, অলৌকিক ও দেহাতীত। রাজা বিক্রমদেব কিন্তু এই প্রেমে বিশ্বাসী নন। রাজকর্তব্য ভুলে রাণী সুমিত্রার সান্নিধ্য সুখ উপভোগই তাঁর কাম্য। অপরদিকে কর্তব্যসচেতন সুমিত্রা বিক্রমের প্রতি গভীর ভালোবাসায় বিক্রমের এই কর্তব্যবিমুখ ভোগসর্বস্ব প্রেমকে মেনে নিতে পারেননি। এই নিয়েই নাট্যকাহিনীর মূল দ্বন্দ্ব। 'মানসী' কাব্যগ্রন্থের 'নিষ্ফল কামনা' কবিতাটিতে রবীন্দ্রনাথ 'সমগ্র মানব'- কে পেতে চাওয়ার যে দুঃসাহসের কথা বলেছেন তারই ট্রাজেডি রাজা বিক্রমদেবের চরিত্রে —কামনার আতিশয্যে ও সুমিত্রাকে একান্তভাবে লাভ করার মনোভাবে - নিহিত, যা 'রাজা ও রাণী' নাটকের উপজীব্য। বাংলা সাহিত্য-ইতিহাসের প্রখ্যাত ঐতিহাসিক ড. সুকুমার সেনের ভাষায় — "হৃদয়ের ধনকে দেহে আঁকড়িয়া ধরিবার বাসনা, সমগ্র মানবকে পাইতে চাহিবার দুঃসাহস রাজা ও রাণীর ট্রাজেডি। মানসীর 'নিষ্ফল কামনা' কবিতায় নাটকটির বীজ নিহিত।"[২]

এখন 'রাজা ও রাণী' নাটকটির বৃত্ত ও নায়ক বিচারের আগে প্রথমে আমাদের নিঃসংশয় হতে হবে যে, 'রাজা ও রাণী' ট্রাজেডি, মেলোড্রামা নয়। নাটকটির সম্পর্কে রবীন্দ্র-কৃত অভিযোগের পরিপ্রেক্ষিতেই প্রশ্ন উঠছে। 'রাজা ও রাণী' নাটকটির মঞ্চ সাফল্যেও রবীন্দ্রনাথ খুব বেশী নিশ্চিত হতে পারেননি, কারণ নাটকটির নানা ত্রুটি তাঁকে দীর্ঘদিন ধরে